

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং-১৬

নভেম্বর ১৭, ২০০৯
তারিখ:-----
অগ্রহায়ণ ০৩, ১৪১৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

সেবা খাতে আদায়কৃত চার্জ/ফি/কমিশন যৌক্তিকীকরণ প্রসংগে।

শিরোনামোক্ত বিষয়ে ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের সেপ্টেম্বর ৩০, ২০০৮ তারিখে জারীকৃত পত্রের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। সেবা খাতে আদায়কৃত চার্জ/ফি/কমিশন যৌক্তিকীকরণের লক্ষ্যে পুনঃপর্যালোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়েছে :

- ১) ডেফার্ড/ইউজ্যান্স এলসি খোলার কমিশন প্রতি ত্রৈমাসিকে সর্বোচ্চ হার ০.৫০% নির্ধারন করা যাবে।
- ২) এলসি কনফারমেশন চার্জ সর্বোচ্চ ০.২০% নির্ধারন করা যাবে।
- ৩) এলসি এডভাইজিং চার্জ, এলসি অ্যামেন্ডমেন্ট চার্জ ও এলসি ট্রান্সফার চার্জ সর্বোচ্চ ৭৫০/- টাকা নির্ধারন করা যাবে।
- ৪) মে ০৯, ২০০৫ তারিখের এফআরটিএমডি সার্কুলার নং-০৩ অনুযায়ী এপ্রিল ০৬, ২০০৫ ও তৎপরবর্তী সময়ে যে তারিখে ঋণ ছাড় করা হবে সে তারিখের : LIBOR+1% সুদ হার EDF এর ছাড়কৃত ঋণের উপর কার্যকর হবে।
- ৫) এফসিসি/ডাটা ম্যাক্স চার্জ, হ্যাভেলিং চার্জ, কপি ডকুমেন্ট এনডোর্সমেন্ট চার্জ বাতিল করা হলো।
- ৬) রপ্তানী বিল নেগোসিয়েশন কমিশন ও রপ্তানী বিল কালেকশন কমিশন সর্বোচ্চ ০.১৫% নির্ধারন করা যাবে।
- ৭) রপ্তানী নীতি ২০০৬-০৯ অনুযায়ী প্রত্যাহার অযোগ্য ঋণপত্রের অধীনে সাইট পেমেন্টের ভিত্তিতে যদি পণ্য রপ্তানী করা হয়, সে ক্ষেত্রে রপ্তানীকারককে প্রয়োজনীয় রপ্তানী দলিলপত্র জমা দেয়ার শর্তে বাণিজ্যিক ব্যাংক ওভারডিউ সুদ ধার্য করবে না।

অত্র বিভাগের সেপ্টেম্বর ৩০, ২০০৮ তারিখের পত্রের অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(আবু হেনা মোহঃ রাজী হাসান)
মহাব্যবস্থাপক
ফোন: ৭১১৭৮২৫